



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

নং- ৪৬.১০.০০০০.০০৬.০৪.২৬৪.২০- ৩৪

তারিখঃ ২২ আশ্বিন ১৪২৭
২৭ সেপ্টেম্বর ২০২০


অফিস আদেশ

জনাব মো: আনোয়ার (সাময়িক বরখাস্ত), স্প্রেম্যান, সংযুক্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এ চাকরিতে নিয়োজিত আছেন। তার বিরুদ্ধে গত ০৩/১০/২০১৮ খ্রি: তারিখে দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় ঘৃষ গ্রহণসহ বিভিন্ন অনিয়মের অভিযোগ উত্থাপিত হয়। তার এরূপ কার্যকলাপ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ২০১৯ এর ৪৯ (ক) (খ) (ঘ) ও (ঙ) উপ-বিধি অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতির অপরাধের সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ-স্লে মতে গত ২৭/০১/২০২০ তারিখ: ৪৬.১০.০০০০.০০৪.৯৯.০৭৫.১৮-৯০৩ নং স্মারকে তাকে সাময়িক বরখাস্ত করা হয় এবং তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং- ০৪/২০২০ রুজু করে কারণ দর্শানো হয়।

২.০ প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় গত ২৫/০৮/২০২০ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করেন। তার ব্যক্তিগত শুনানী এবং সার্বিক পর্যালোচনায় সাময়িক বরখাস্তকাল খোরাকি ভাতায় সীমাবদ্ধ রেখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ২০১৯ এর ৫০ (১) (ক) (আ) মতে একটি বার্ষিক ইনক্রিমেন্ট স্থগিত রাখার দস্ত প্রদান করে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার পূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করে চাকরিতে পুনর্বহাল করা সমীচীন।

৩.০ জনাব মো: আনোয়ার (সাময়িক বরখাস্ত), স্প্রেম্যান, সংযুক্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তার দপ্তর, ডিএনসিসি'কে খোরাকি ভাতায় সীমাবদ্ধ রেখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ২০১৯ এর ৫০ (১) (ক) (আ) মতে একটি বার্ষিক ইনক্রিমেন্ট স্থগিত রাখার দস্ত প্রদান করে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার পূর্বক বিভাগীয় মামলা নং-০৪/২০২০ নিষ্পত্তি করে চাকরিতে পুনর্বহাল করা হলো।

৪.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


মো: সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ফোন নং- ৪৮৮১১৩৩৩
ceo@dncc.gov.bd
৪

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ)

১. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল... .., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, অঞ্চল... .., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. জনাব মো: আনোয়ার (সাময়িক বরখাস্ত), স্প্রেম্যান, সংযুক্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. অফিস কপি।